এইচএসসি পরীক্ষা স্থগিত

করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে এ বছরের উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। এপ্রিলের প্রথম সপ্তাহে পরীক্ষাটির পরবর্তী তারিখ জানানো হবে।

রোববার দুপুরে শিক্ষা মন্ত্রণালয় সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

১ এপ্রিল থেকে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল।

সুত্র-যুগান্তর

সিসিটিভি ফুটেজে সাংবাদিক কাজলের সর্বশেষ অবস্থান

সম্ভাব্য গুমের শিকার হওয়ার আগে সর্বশেষ যেদিন সাংবাদিক শফিকুল ইসলাম কাজলকে দেখা গিয়েছে সেদিন কয়েকজন অজ্ঞাতপরিচয় ব্যক্তি তার মোটরবাইকের দিকে এগোয় এবং সেটিতে অযাচিত হস্তক্ষেপ করে।

বৃহস্পতিবার মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের প্রকাশিত একটি সিসিটিভি ফুটেজে এমন দৃশ্য ধরা পড়েছে। প্রতিষ্ঠানটি শনিবার এক প্রেস বিজ্ঞতিতে বিষয়টি জানায়।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের দক্ষিণ এশিয়া ক্যাম্পেইনার সাদ হাম্মাদি বলেছেন, সিসিটিভি ফুটেজে ধরা পড়া অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের সন্দেহজনক আচরণ স্পষ্টতই প্রমাণ করে কাজলের বিরুদ্ধে পুলিশি তদন্ত শুরুর মাত্র একদিন পরই তাকে অনুসরণ করা হচ্ছিল। ওইদিনের পর থেকেই আর তার দেখা মেলেনি এবং তার ভাগ্যে কী ঘটেছে বা কোথায় আছেন কিছুই জানা যায়নি। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২০ সালের মার্চ মাসের ১০ তারিখ বিকাল ৪টা ১৪ মিনিটে মোটরবাইকে করে বাংলা পত্রিকা দৈনিক পক্ষকালের সম্পাদক শফিকুল ইসলাম কাজল ঢাকার হাতিরপুলে মেহের টাওয়ারে তার অফিসে পৌঁছান।

এরপর কাজল ঘটনাস্থল ত্যাগের আগ পর্যন্ত বাইকটির আশপাশে বেশ কয়েকজন অজ্ঞাতপরিচয় ব্যক্তিকে প্রায় ৩ ঘণ্টা সময় ধরে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখা যায়।

বিকাল ৫টা ৫৯ মিনিট থেকে ৬টা ৫ মিনিটের মধ্যবর্তী ৬ মিনিট সময়ে তিনজন ব্যক্তি আলাদাভাবে মোটরবাইকটির কাছে যায় এবং সেটিতে অযাচিত হস্তক্ষেপ করে।

সুত্র-যুগান্তর

দেশে করোনায় মৃতের সংখ্যা বেড়ে ২, আক্রান্তের সংখ্যা ২৪

করোনায় আক্রান্ত হয়ে দেশে আরো একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনা আক্রান্ত হয়ে দেশের মধ্যে দুজনের মৃত্যু হলো। নতুন করে করোনায় মৃত ব্যক্তির বয়স ৭৩ বছর। এছাড়াও দেশে নতুন করে আরো চারজন আক্রান্ত হয়েছেন । এতে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে ২৪ জনে দাঁড়িয়েছে। গতকার শনিবার দুপুরে মহাখালী স্বাস্থ্য অধিদফতরে এক সংবাদ সম্মেলনে এমনটি জানান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

সংবাদ সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী বলেন, সারা দেশে এ পর্যন্ত ৫০ জন প্রাতিষ্ঠানিকভাবে কোয়ারেন্টাইনে আছেন। এছাড়া সারা দেশব্যাপী ১৪ হাজার মানুষ কোয়ারেন্টাইনে আছেন বলে জানান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক । সূত্র-ইত্তেফাক
বর্তমান পরিস্থিতিকে যুদ্ধাবস্থা উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী জানান, এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধে চীন থেকে বিশেষজ্ঞ আনার পরিকল্পনা সরকারের রয়েছে। করোনা প্রতিরোধে ইতিমধ্যে ডাক্তার নার্সদের ছুটি বাতিল করা হয়েছে। পাশাপাশি স্বাস্থ্যকর্মীদের সুরক্ষার জন্য পিপি সংগ্রহ করা হচ্ছে বলেও জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী।

গত ডিসেম্বরে চীনের উহান শহর থেকে উৎপত্তি হয় করোনা ভাইরাসের।

প্রাণঘাতী এই ভাইরাসে বিশ্বে ১১ হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে।

করোনায় দেশে আরও ১ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৪

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বাংলাদেশে আরও একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে বাংলাদেশে দুজন মারা গেলেন। এ ছাড়া নতুন করে আরও চারজন আক্রান্ত হয়েছেন। ফলে মোট আক্রান্ত মানুষের সংখ্যা দাঁড়াল ২৪।

স্বাস্থ্যমন্ত্রী ডা. জাহিদ মালেক আজ শনিবার এক সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন। মহাখালীর স্বাস্থ্য অধিদপ্তরে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে ৮ মার্চ প্রথম তিনজন করোনায় আক্রান্ত রোগী শনাক্ত করা হয়। আর ১৮ মার্চ একজনে মৃত্যুর খবর জানানো হয়।

Lifebuoy Soap
মন্ত্রী জানান, শেখ হাসিনা বার্ন ইনস্টিটিউট ও শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার হাসপাতালে কোয়ারেন্টিন হচ্ছে। তিনি জানান, চীন থেকে কিছু চিকিৎসক ও নার্স আনার পরিকল্পনা করা হচ্ছে। নতুন ৪০০ আইসিইউ ইউনিট স্থাপন করা হবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, সারা দেশে হোম কোয়ারেন্টিনে আছেন ১৪ হাজার জন। আর প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে আছেন ৫০ জন।

মন্ত্রী বলেন, সব ধরনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। আতঙ্কিত হওয়ার কিছু নেই।

সুত্র- প্রথম আলো

রাজধানীর সিটি কলেজ কেন্দ্রে ভোট দিলেন প্রধানমন্ত্রী

ঢাকা-১০ আসনের উপনির্বাচনে ভোট দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার সকাল ৯টার দিকে রাজধানীর সিটি কলেজ কেন্দ্রে ভোট দেন তিনি।

এর আগে সকাল ৯টা থেকে ঢাকা-১০ আসনের উপনির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়েছে। চলবে বিকাল ৫টা পর্যন্ত।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে মেয়র পদে লড়াইয়ের জন্য সাবেক সংসদ সদস্য ফজলে নূর তাপস পদত্যাগ করলে আসনটি শূন্য হয়।

তাপসের ছেড়ে দেয়া এই আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন শফিউল ইসলাম মহিউদ্দিন। আর বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী শেখ রবিউল আলম রবি।

ধানের শীষের ৮৫০ এজেন্টকে বের করে দিয়েছে আ’লীগ নেতাকর্মীরা: রবি

ঢাকা-১০ আসনের উপনির্বাচনে প্রশাসনের সহযোগিতায় ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা সব কেন্দ্র থেকে ধানের শীষের প্রায় ৮৫০ জন এজেন্টের বের করে দিয়েছেন বলে অভিযোগ করেছেন বিএনপি মনোনীত প্রার্থী শেখ রবিউল আলম রবি।

শনিবার সকাল সাড়ে ৯টায় ধানমণ্ডি সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট দেয়ার পর সাংবাদিকদের কাছে তিনি এ অভিযোগ করেন।

রবি বলেন, আইনশৃঙ্খলা বাহিনী এবং আওয়ামী লীগের নেতাকর্মীরা এক হয়ে সব কেন্দ্র থেকে ধানের শীষের এজেন্টদের বের করে দিয়েছে। তিনি

আরও বলেন, ফের একটি ব্যর্থ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচন ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়েছে। একটি আসনে এমন নির্বাচন না করে ঘোষণা দিলেই পারত।

বিএনপির এই প্রার্থী বলেন, সরকার এতই ভীতু যে করোনাভাইরাস উপেক্ষা করে মানুষ ভোট দিতে আসলেও ভোট দিতে পারছে না। নির্বাচনকে একটি প্রহসনে পরিণত করছে, নির্বাচনের নামে প্রহসন চলছে।

রবি বলেন, প্রার্থী হিসেবে আমি ভোট দিতে পেরেছি এটা আমার সৌভাগ্য। কিন্তু জনগণ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারছে না।

এসময় রবির প্রধান নির্বাচনী এজেন্ট ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন উপস্থিত ছিলেন।

সুত্র-যুগান্তর

করোনায় আরও তিনজন আক্রান্ত, আইসোলেশনে ৩০

বাংলাদেশে আরও তিনজনের মধ্যে করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে। যাদের মধ্যে সত্তরোর্ধ্ব এক ব্যক্তির অবস্থা আশঙ্কাজনক।

স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক নাসিমা সুলতানা শুক্রবার সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) নিয়মিত ব্রিফিংয়ে এ তথ্য জানান।

তিনি বলেন, এই তিনজনকে নিয়ে বাংলাদেশে আক্রান্তের মোট সংখ্যা দাঁড়িয়েছে ২০ জনে। গত ২৪ ঘণ্টায় নতুন কারও মৃত্যুর তথ্য আসেনি; এ পর্যন্ত বাংলাদেশে একজনেরই মৃত্যু হয়েছে।

নতুন আক্রান্ত ৩ জনের একজন ইতালিফেরত। আর দুজন বিদেশফেরতদের সংস্পর্শে এসে আক্রান্ত হয়েছেন।

অধ্যাপক নাসিমা সুলতানা আরও জানান, বিদেশফেরতদের সংস্পর্শে আসা ৩০ জনকে আইসোলেশনে রাখা হয়েছে। প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে রাখা হয়েছে ৪৪ জনকে।

দেশে করোনাভাইরাসে নতুন করে আরও ৩ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ জনে।

তিনি বলেন, নতুন করে আক্রান্ত তিনজনের মধ্যে একজন নারী, দুইজন পুরুষ। নারীর বয়স ৩০ বছর। পুরুষ একজনের বয়স ৩০। আরেকজনের বয়স ৭০, তিনি আইসিইউতে আছেন ক্রিটিক্যাল অবস্থায়। তিনি অন্যান্য দুরারোগ্য ব্যাধিতে ভুগছিলেন।

এক প্রশ্নের জবাবে ডা. নাসিমা সুলতানা বলেন, কুর্মিটোলায় চিকিৎসাধীন অবস্থায় যে দুজন মারা গেছেন, তাদের করোনাভাইরাস সম্পর্কিত পরীক্ষার ফল নেগেটিভ এসেছে, অর্থাৎ তারা করোনায় আক্রান্ত ছিলেন না।

বাংলাদেশে করোনা আক্রান্ত রোগী শনাক্ত হয়েছেন গত ৮ মার্চ। এ পর্যন্ত করোনায় একজনের মৃত্যু হয়েছে।

সুত্র-যুগান্তর

ইমামদের দিয়ে করোনার প্রচার চালানোর নির্দেশ প্রধানমন্ত্রীর

আতঙ্ক না ছড়িয়ে করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে কাজ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি দাফতরিক কাজও চালিয়ে যেতে বলেছেন তিনি।

প্রধানমন্ত্রী বলেছেন, করোনা নিয়ে আতঙ্ক তৈরি করা যাবে না। এ ছাড়া প্রচারের দিকে বেশি জোর দেয়ার তাগিদ দিয়ে তথ্য মন্ত্রণালয়কে প্রচার বাড়াতে নির্দেশ দেন। তারকা (সেলিব্রেটি),

মসজিদের ইমামদের দিয়ে প্রচারের উদ্যোগ নিতে বলেন প্রধানমন্ত্রী।

জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) বৈঠকে বৃহস্পতিবার এ নির্দেশ দেন প্রধানমন্ত্রী। বৈঠকের পর ব্রিফিংয়ে পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান এসব তথ্য জানান। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বলেছেন, করোনার দোহাই দিয়ে আমরা কাজ কমিয়ে দেব সেটি হবে না। এটা বৈশ্বিক সমস্যা। এটি প্রতিরোধে যা যা করার তা করতে হবে। আতঙ্ক ছড়ানো যাবে না। আমাদের দায়িত্ব হচ্ছে জনগণকে রক্ষা করা। সেজন্য প্রয়োজনীয় সবকিছুই করা হবে। পাশাপাশি সবাইকে সচেতন হতে হবে।

এমএ মান্নান বলেন, প্রধানমন্ত্রী বলেছেন, আমাদের সেলফ কোয়ারেন্টিন করতে হবে। এখন প্রযুক্তির সময়। তাই প্রযুক্তির মাধ্যমে অনেক কাজই করা যায়। উনি (প্রধানমন্ত্রী) বলেছেন, সরকারি অফিস বন্ধ করা হবে না। সরকারি কর্মকর্তা-কর্মচারীরা সাবধানে থেকে কাজকর্ম করবেন।

মন্ত্রী বলেন, বিভাগীয় শহরে করোনার পরীক্ষার সরঞ্জাম রাখার ব্যবস্থা করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে।

সুত্র-যুগান্তর

করোনায় জাতীয় প্রেসক্লাব লকডাউন

প্রাণঘাতী করোনা ভাইরাস ছড়িয়ে পড়ায় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জাতীয় প্রেসক্লাব লকডাউন করা হয়েছে। ২১ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত জাতীয় প্রেসক্লাবের সব কার্যক্রম স্থগিত ঘোষণা করা হয়েছে বলে জানিয়েছেন প্রেসক্লাব ব্যবস্থাপনা কমিটির সভাপতি সাইফুল আলম।

শুক্রবার সকালে প্রেসক্লাবের ম্যানেজিং কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত হয়।

সভায় সভাপতিত্ব করেন জাতীয় প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তরের সম্পাদক সাইফুল আলম। উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমীনসহ ম্যানেজিং কমিটির সদস্যরা।

প্রসঙ্গত চীনের হুবেইপ্রদেশের উহান শহর থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাস মহামারী আকার ধারণ করেছে। এ ভাইরাসে আক্রান্ত হয়ে বিশ্বে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১০ হাজার ১৭৮ জনে। আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২ লাখ ৪৬ হাজার ৭২২ জনে। এ ছাড়া সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৮৬ হাজার ৫৪ জন। এরই মধ্যে বিশ্বের ১৭৬ দেশে ছড়িয়ে পড়েছে করোনাভাইরাস।

বাংলাদেশে করোনার থাবায় একজনের মৃত্যু হয়েছে। আক্রান্ত হয়েছেন অন্তত ১৭ জন। কোয়ারেন্টিনে ও আইসোলেশনে রয়েছেন বেশ কয়েকজন। সংক্রমণ ছড়িয়ে পড়ায় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে দেশের বিভিন্ন প্রতিষ্ঠান লকডাউন হচ্ছে। রাজশাহী বিশ্ববিদ্যালয় আজ থেকে লকডাউন করা হয়েছে।

সুত্র-যুগান্তর

২৪ ঘণ্টায় নতুন করে ৩ জন করোনায় আক্রান্ত

দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে তিনজন প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। সবমিলিয়ে ১৭ জন কভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন। গতকাল পর্যন্ত এই সংখ্যা ছিল ১৪ জনে।

বৃহস্পতিবার দুপুরের স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ডা. আবুল কালাম আজাদ করোনাভাইরাস নিয়ে সবশেষ পরিস্থিতি নিয়ে সংবাদ ব্রিফিংয়ে এ তথ্য জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, কভিড-১৯ ভাইরাতে আক্রান্তদের মধ্যে গত ২৪ ঘণ্টায় এবং এ পর্যন্ত একজন ব্যক্তি মারা গেছেন।

তিনি বলেন, নতুন করে যে তিন জন আক্রান্ত হয়েছেন, তাদের মধ্যে

একজন তরুণী, যার বয়স ২২ বছর। ৬৫ বছর বয়সী একজন পুরুষ ও ৩২ বছর বয়সী এক যুবক রয়েছেন। তারা ইতালিফেরত ব্যক্তির সংস্পর্ষে এসে এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন।

নতুন আক্রান্ত তিনজনই স্থানীয়ভাবে সংক্রমিত হয়েছেন। আর তারা একই পরিবারের সদস্য বলে জানান ডা. আজাদ।

এ ঘটনাকে খুবই উদ্বেগের আখ্যায়িত করে এই অধ্যাপক বলেন, আক্রান্ত নারীর মধ্যে এখনও কোনো লক্ষণ নেই। মৃদু লক্ষণ দেখেই তাকে পরীক্ষা করা হয়েছে। এখন তিনি কোয়ারেন্টাইনে আছেন।

আক্রান্ত দুই পুরুষের শরীরে জ্বর আছে জানিয়ে তিনি বলেন, তারা এখন হাসপাতালে।

সুত্র-যুগান্তর